ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৩১

আগরতলা, ৪ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'লাইব্রেরিয়ান নিয়োগে জটিলতা, বিপাকে ১৬' শিরোনামে ২৬ আগস্ট, ২০২৫ তারিখে 'প্রতিবাদী কলম' -এ প্রকাশিত সংবাদ সম্পর্কে মাধ্যমিক শিক্ষা দপ্তর থেকে এক স্পষ্টিকরণ দেওয়া হয়েছে। স্পষ্টিকরণে বলা হয়েছে, মাধ্যমিক শিক্ষা দপ্তর ১২৫টি বিদ্যাজ্যোতি বিদ্যালয়ে লাইব্রেরিয়ান পদে নিয়োগের জন্য ১২৫ জন প্রার্থীর নাম সুপারিশ করে টিআরবিটি'র কাছে পাঠায়। তারপর টিআরবিটি ১২৩ জন যোগ্য প্রার্থীর নাম সুপারিশ করে পাঠায় এবং ১২৩ জনের মধ্যে ১৬ জনের মার্কশীট/সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতা যাচাই করার প্রস্তাব দেয়। এই অনুযায়ী দপ্তর তাদের মার্কশীট/সার্টিফিকেট ও পেশাগত/শিক্ষাগত যোগ্যতা যাচাই করার জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে প্রতিনিধি পাঠিয়েছে। সেখানে কাগজপত্র যাচাই হওয়ার পর তারা দপ্তরে রিপোর্ট জমা করেছে। এখন এই কাগজপত্র পরীক্ষা করে দেখে পরবর্তী পদক্ষেপ নেওয়া হচ্ছে।

*******